বিষয় ঃ বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত iBAS++ সফটওয়্যারের Autonomous body শীর্ষক sub module এর মাধ্যমে স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান এবং এর আওতাধীন প্রকল্প সমূহের জন্য পাবলিক লেজার (পিএল) একাউন্ট সৃজন পূর্বক স্বয়ংক্রিয় পদ্ধতিতে অর্থ ছাড়করণ প্রক্রিয়া চালুকরা সংক্রান্ত সভার কার্যবিবরনী।

সভাপতি : জনাব ফজলুর রশিদ,
মহাপরিচালক।

তারিখ : ১৯ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ।

সময় : সকাল ১০:০০ ঘটিকা।

স্থান : বোর্ডের সভাকক্ষ, পানিভবন, ঢাকা।

উপস্থিতি : কপি সংযুক্ত (সংযুক্তি-১)

বোর্ডের মহাপরিচালক এবং সভার সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে প্রথমেই সরকারি নির্দেশনার আলোকে বিদ্যুৎ সাশ্রয়ে প্রাতিষ্ঠানিক এবং ব্যক্তি পর্যায়ে দায়িত্ব পালনের অনুরোধ জানান। অতঃপর সভার নির্দ্ধারিত বিষয়ে আলোচনার জন্য জনাব মোঃ জাকিরুল ইসলাম, পরিচালক হিসাব রক্ষণ পরিদপ্তর কে আহ্বান জানান।

২। হিসাব রক্ষণ পরিদপ্তরের পরিচালক, জনাব মোঃ জাকিরুল ইসলাম, ইন্টিগ্রেটেড বাজেট এন্ড অ্যাকাউন্টিং সিস্টেম (iBAS++) স্বায়ত্ত্বশাসিত সংস্থা হিসাবে বাপাউবো-তে চালুকরন, উহার ব্যবহার এবং উপযোগিতার বিষয়ে আলোকপাত করেন। তিনি জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০.১০৩.১৮.০০২.১৯-৯৪০ তারিখঃ ০৭ মে, ২০২২ এর মাধ্যমে (কপি সংযুক্ত-১) স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান এবং এর আওতাধীন প্রকল্প সমূহের জন্য পাবলিক লেজার (পিএল) একাউন্ট সৃজন এবং iBAS++ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক একটি টীম গঠন করে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়কে পত্র দেয়া হয়। অর্থ মন্ত্রণালয়ের জারীকৃত কর্ম পরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-কে আগামী সেপ্টেম্বর, ২০২২ তারিখের মধ্যে উক্ত কাজ বাস্তবায়নের জন্য সময় নির্ধারণ করা হয়েছে। উক্ত পত্রের ধারাবাহিকতায় পানি সম্পদ মন্ত্রণালয়ের এর স্মারক নং- ৪২.০০.০০০০.০৪৭.৯১.০১৬.২১.১৮১ তারিখঃ ৩০ মে, ২০২২ এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের বর্ণিত পত্রের মর্মানুযায়ী অর্থ বিভাগ কর্তৃক উন্নয়নকৃত 'iBAS++ Autonomous Body' শীর্ষক sub module এর মাধ্যমে (কপি সংযুক্ত-২) কর্মপরিকল্পনা অনুযায়ী স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান এবং এর আওতাধীন প্রকল্প সমূহের জন্য পাবলিক লেজার (পিএল) একান্টস্ সৃজন পূর্বক স্বয়ংক্রিয় পদ্ধতিতে অর্থ ছাড়করণ প্রক্রিয়া চালু করণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বোর্ডকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাকালে মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মতে অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী iBAS++ বাপাউবোতে চালু করণের বিষয়ে বোর্ডের সকল কর্মকর্তাদের অবহিত করনের লক্ষ্যে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের ব্যবস্থা গ্রহণ করা হয়। পরিচালক, হিসাব iBAS++ সফটওয়্যার মডিউল উহার কার্যপদ্ধতি ও আনুষাঙ্গীক বিষয়াদি একটি Power Point Presentation এর মাধ্যমে উপস্থাপনের জন্য জনাব মোঃ কবির আহম্মদ, পরিচালক অর্থকে অনুরোধ জনান।

৩। জনাব মোঃ কবির আহাম্মদ, পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা iBAS++ সফটওয়্যার মডিউল, উহার কার্যপদ্ধতি ও আনুষঙ্গিক বিষয়াদি Power Point Presentation এর মাধ্যমে (কপি সংযুক্ত-৩)। উপস্থাপন করেন। এতদ ব্যতিত বাপাউবোর আর্থিক ব্যবস্থাপনা iBAS++ এ অন্তভূক্তিরপর প্রতি অর্থ বছর যথাসময়ে অর্থাৎ সংশ্লিষ্ট বছরের ৩০শে জুন তারিখের মধ্যে আবিশ্যিকভাবে সমাপ্ত হওয়ার বিষয়টিও তিনি সভাকে অবহিত করেন। তিনি অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালনে বাধ্যবাধকতার বিষয়টিও সভায় তুলে ধরেন। বাপাউবোতে iBAS++ বাস্তবায়নের লক্ষ্যে বিষয়টি Power Point এ উপস্থাপনের পর উপস্থিত সকল কমকর্তা iBAS++ সফটওয়্যার এবং উহার ব্যবহার, বিভিন্ন মডিউল ও কার্যপদ্ধতি সম্পর্কে সম্যক অভিহিত হন।

৪। Power Point উপস্থাপনের পর অর্থ মন্ত্রণালয় ও পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা মতে মহাপরিচালক মহোদয় iBAS++ সফটওয়্যার নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ সেপ্টেম্বর ৩০, ২০২২ তারিখের মধ্যে বাপাউবো'তে চালুকরন এবং উহার কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নেয়ার জন্য মহাপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। অতঃপর তিনি iBAS++ Software টি বাপাউবোতে চালুর বিষয়ে আলোচনার জন্য সভায় উপস্থিত সকলকে আহবান জানান।

৫। মতবিনিময় ও আলোচনা নিম্নরূপঃ

(ক) জনাব মোঃ রফিকুল আলম, প্রধান প্রকৌশলী (পুর), পরিচালন ও রক্ষণা-বেক্ষণ এর দপ্তর, বাপাউবো, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মধ্যে বাজেটারী নিয়ন্ত্রণ বিষয়ে উল্লেখ থাকার প্রয়োজন বলে মত প্রকাশ করেন। পরিচালক, অর্থ জানান বাজেট নিয়ন্ত্রনের বিষয়ে iBAS++ System এ যথেষ্ট সুযোগ রয়েছে। তথাপি সরকারের পরবর্তী নির্দেশনায় বাজেট নিয়ন্ত্রন বিষয়ে আরও পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিলে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

(খ) জনাব মোঃ রফিকুল ইসলাম চৌবে প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর বাপাউবো ঢাকা কেন্দ্রীয় ICT দপ্তরের সহযোগীতায় মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়নকারী ও অর্থ পরিশোধকারী দপ্তর সমূহের কর্মকর্তাবৃন্দের অংশ গ্রহণে iBAS++ বাস্তবায়নের প্রক্রিয়া এবং এর গুরুত্ব বিষয়ে Virtual Platform-এ আলোচনার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

(গ) আলোচনাকালে জনাব মোঃ জাহাঙ্গীর আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম পরিদপ্তর জানতে চান যে, iBAS++ বাপাউবোতে চালু হওয়ার পর কার্যক্রম পরিদপ্তরের অবস্থান কি হবে। পরিচালক, অর্থ জানান যে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম পরিদপ্তর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর এবং পরিচালক, অর্থ পরিদপ্তর iBAS++ চালুর পূর্বে যে সকল কাজ সম্পাদন করতেন iBAS++ চালুর হওয়ার পরও স্ব-স্ব দপ্তর একই কাজ সম্পাদন করবেন।

৬। বিস্তারিত আলোচনা ও মতবিনিময় শেষে মহাপরিচালক মহোদয় অহিনি শ্রেণিগুচ্ছের সংশ্লিষ্ট দপ্তরসমূহ কর্তৃক মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সাথে যোগাযোগরক্ষা পূর্বক সরকারের চাহিদার আলোকে নির্দিষ্ট সময়ের মধ্যে iBAS++ এর Autonomous body, sub module এর মাধ্যমে পাবলিক লেজার (পিএল) একাউন্ট সৃজন পূর্বক স্বয়ংক্রিয় পদ্ধতিতে অর্থ ছাড়করণ এবং সকল প্রকার বিল পরিশোধে Electronic Fund Transfer (EFT) বাস্তবায়নের ব্যবস্থা গ্রহনে সকল দপ্তরপ্রধান-কে এ কাজে সহযোগিতা করার অনুরোধ জানান। আলোচনা ও পর্যালোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**সিদ্ধান্ত/ সিদ্ধান্ত সমূহঃ**

ক) iBAS++ সফ্‌টওয়্যারের আওতায় সরকারি প্রতিষ্ঠানের ন্যায় Autonomous body শীর্ষক sub module এর মাধ্যমে স্বয়ংক্রিয় পদ্ধতিতে অর্থ ছাড়করণ এবং সকল প্রকার বিল পরিশোধে Electronic Fund Transfer (EFT) পদ্ধতি বাপাউবোতে বাস্তবায়নের নিমিত্ত পাবলিক লেজার (পিএল) একাউন্ট সৃজন পূর্বক অর্থ মন্ত্রণালয়ের কর্ম পরিকল্পনা অনুযায়ী iBAS++ চালুকরন।

খ) বোর্ডের কেন্দ্রীয় ICT দপ্তরের সহযোগীতায় মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়নকারী ও অর্থ পরিশোধকারী দপ্তর সমূহের কর্মকর্তাবৃন্দের অংশ গ্রহণে iBAS++ বাস্তবায়নের প্রক্রিয়া এবং এর গুরুত্ব সম্পর্কে অবহিত করনের লক্ষ্যে Virtual Platform- এ আলোচনার ব্যবস্থা গ্রহণ করা।

গ) বোর্ডের মাঠ পর্যায়ের সকল প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প পরিচালক সহ সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীকে iBAS++ সফ্‌টওয়্যারের এর বিষয়ে অবহিত করন এবং উহা বাস্তবায়নের লক্ষ্যে বোর্ডের পরবর্তী ADP পর্যালোচনা সভার আলোচ্য সূচীতে অন্তর্ভূক্ত করণ।

৭। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/09/2022

(ফজলুর রশিদ)
মহাপরিচালক

স্মারক নং-হিসাব/বাপাউবো/ibas++ স.ব্য./৭৮/২৬/০৫ তারিখ :২৪/০৭/২০২২

**বিতরণ : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। অতিরিক্তি মহাপরিচালক ........................ (সকল), বাপাউবো, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী/ অতিরিক্তি প্রধান প্রকৌশলী ......................................(সকল), বাপাউবো............. ।
০৩। নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ......................................(সকল), বাপাউবো............. ।
০৫। পরিচালক, ......................................(সকল), বাপাউবো............. ।
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো ঢাকা **(বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
০৭। সিএসওটু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
০৮। অতিরিক্ত পরিচালক,....................... (সকল), বাপাউবো, ঢাকা।
০৯। নির্বাহী প্রকৌশলী,......................................(সকল), বাপাউবো............. ।
১০। উপপরিচালক, ......................................(সকল, অহিনি শ্রেণিগুচ্ছ), বাপাউবো............. ।
১১। উপপরিচালক/হিসাব রক্ষণ অফিসার,..............................(সকল আঞ্চলিক হিসাব কেন্দ্র), বাপাউবো............. ।
১২। অফিস কপি।

২৪/০৭/২০২২
(আজিজুন নেছা)
অতিরিক্ত পরিচালক
ও
পরিচালক (হিসাব) (অ: দা:)

ডায়েরী নং ৯৯৩ তারিখঃ ৩১/৭/22
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
৩১/07/2022
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

অবগতি
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন